

প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
পরশুরাম, ফেনী

<http://parshuram.feni.gov.bd>

স্মারক নং- ০৫.২০.৩০২৯.০০১.১৮.০২২.১৪-৯০৯


তারিখঃ ০৪.১১.২০১৫ খ্রিঃ

এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, পরশুরাম উপজেলার মির্জানগর, চিথলিয়া ও বক্সমাহমুদ ইউনিয়নের গ্রাম পুলিশের শূন্য পদে জনবল নিয়োগের জন্য সংশ্লিষ্ট ইউনিয়নে বসবাসরত স্থায়ী নাগরিকদের নিকট থেকে আবেদন আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	ইউনিয়নের নাম	যে ওয়ার্ডের জন্য নিয়োগ দেয়া হবে	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	মন্তব্য
১	মির্জানগর	২ নং ওয়ার্ড ও ৩ নং ওয়ার্ড	০২ (দুই) টি	৮ম শ্রেণী	সংশ্লিষ্ট ওয়ার্ডে বসবাসরত স্থায়ী নাগরিককে অগ্রাধিকার দেয়া হবে।
২	চিথলিয়া	৩ নং ওয়ার্ড ও ৪ নং ওয়ার্ড	০২ (দুই) টি		
৩	বক্সমাহমুদ	৮ নং ওয়ার্ড	০১ (এক) টি		

আবেদনের শর্ত ও নিয়মাবলীঃ

- ১। আবেদনপত্র আগামী ২৩.১১.২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পর আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ২। ২৩.১১.২০১৫ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা পোষ্য কোটার ক্ষেত্রে সর্বোচ্চ বয়স ৩২ বৎসর পর্যন্ত। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নহে।
- ৩। আবেদনকারীর শারীরিক যোগ্যতাঃ পুরুষ প্রার্থীর ক্ষেত্রে- সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ), সর্বনিম্ন ওজন ৫০ কেজি। মহিলা প্রার্থীর ক্ষেত্রে- সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট, বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ), সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।
- ৪। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, ভোটার আইডি নম্বর, শারীরিক যোগ্যতার পরিমাপ, ইউনিয়ন পরিষদের নাম, ২৩.১১.২০১৫ তারিখে বয়স, জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে এবং আবেদনপত্রে অবশ্যই প্রার্থীর স্বাক্ষর থাকতে হবে।
- ৫। আবেদনকারীকে আবেদনে নিম্নোক্ত কাগজপত্রসমূহ সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।  
ক) সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজ ছবি, খ) ইউনিয়ন পরিষদের নাগরিকত্ব সনদের ফটোকপি, গ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, ঘ) শিক্ষাগত যোগ্যতার ফটোকপি, ঙ) জন্ম সনদের ফটোকপি।
- ৬। অসম্পূর্ণ ও এটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ৭। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



( মনোয়ারা বেগম )

উপজেলা নির্বাহী অফিসার  
পরশুরাম, ফেনী

০৩৩২৪-৫৬০০২

Email: unoparshuram@mopa.gov.bd  
parashuram.uno@gmail.com




তারিখঃ ০৪.১১.২০১৫ খ্রিঃ

স্মারক নং- ০৫.২০.৩০২৯.০০১.১৮.০২২.১৪- ৯০৯(৮)

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। জেলা প্রশাসক, ফেনী।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পরশুরাম, ফেনী।
- ৩। মেয়র, পরশুরাম পৌরসভা, পরশুরাম, ফেনী।
- ৪। চেয়ারম্যান, মির্জানগর, চিথলিয়া ও বক্সমাহমুদ ইউনিয়ন পরিষদ, পরশুরাম, ফেনী- তাঁকে ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থানে, ইউনিয়ন তথ্য বাতায়নে বিজ্ঞপ্তি জারীর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৫। উপজেলা তথ্য বাতায়ন/ নোটিশ বোর্ড/ অফিস নথি।



উপজেলা নির্বাহী অফিসার

পরশুরাম, ফেনী

E:\New folder\Union Parisad\Union Parisad.doc